

Bangladesh High Commission  
Abuja, Nigeria



১২ মার্চ ২০২০

প্রেস রিলিজ

নাইজেরিয়ায় কাদুনা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-এ বাংলাদেশ এর সেরা পুরস্কার লাভ

নাইজেরিয়ার কাদুনা চেম্বার অব কমার্স, ইন্ডাস্ট্রি, মাইন্স এ্যান্ড এগ্রিকালচার (কাজচিমা) কর্তৃক আয়োজিত ৪১তম কাদুনা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় (২৮ ফেব্রুয়ারি - ০৮ মার্চ ২০২০) নাইজেরিয়ায় বাংলাদেশ হাইকমিশন অংশগ্রহণ করে। নাইজেরিয়ার শিল্প, বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক মন্ত্রী ড. ওকেইচুকু এনিআনা এনিলেমা (Dr. Okechukwu Enyinna Enelema) ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে উক্ত মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশসহ বিভিন্ন দেশের কূটনৈতিক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও ব্যবসায়িক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বর্তমান সরকারের 'অর্থনৈতিক কূটনীতি'-কে সর্বোচ্চ প্রাধান্য দেয়ার নীতির ধারাবাহিকতায় বাংলাদেশ হাইকমিশন এর প্যাভিলিয়ন এ মিশনের 'কমার্শিয়াল ডিসপ্লে রুম'-এ সংরক্ষিত রঙানী পণ্য ও অন্যান্য উপকরণ স্থান পায়। উক্ত মেলায় কূটনৈতিক মিশনসমূহ, বেশ কিছু বিদেশী কোম্পানি ও বহু সংখ্যক স্থানীয় ব্যবসায়ী প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। সমাপনী দিনে চেম্বার এর প্রেসিডেন্ট ড. এম. এফ. ডানকাকা (M. F. Dankaka) 'শ্রেষ্ঠ বিদেশী অংশগ্রহণকারী' (Best Foreign Participant) হিসেবে বাংলাদেশকে ক্রেস্টসহ সার্টিফিকেট প্রদান করেন।

বাংলাদেশের ঐতিহ্য ও সংস্কৃতির অনেক উপকরণ দিয়ে আকর্ষণীয়ভাবে সাজানো বাংলাদেশের বৃহৎ স্টলে ফার্মাসিউটিক্যালস, পাট ও চামড়া জাত পণ্য, তৈরী পোশাক ও নীটওয়ার, সিরামিক, হস্তশিল্প, গ্লাসিক ও মেলামাইন সামগ্রী, পাট ও চামড়ার তৈরী বিভিন্ন দ্রব্য, সিল্ক ও মসলিনের শাড়ি, জুতা, চা, পাট পাতার চা, বৈদ্যুতিক সামগ্রী, লাইট ইঞ্জিনিয়ারিং, এথ্রো-প্রডাক্টস, নকশী কাঁথা ইত্যাদি স্থান পায়। প্রতিদিন মেলায় ছিল উপচে পড়া ভীড়। বাংলাদেশের ওয়ালটন গ্রুপ, শাইনপুকুর সিরামিকস লি:, এসিআই লি: এবং মন্ডল গ্রুপ (এ্যাপেলো ফ্যাশনস লি:) এর রঙানীপণ্য ও প্যাভেলিয়নে স্থান পায়, যা মিশনের ডিসপ্লে রুম এর জন্য উপহার হিসেবে প্রদান করা হয়েছে। নাইজেরিয়ার শিল্প, বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক মন্ত্রী সহ কাদুনা অঙ্গরাজ্যের গভর্নর-এর প্রতিনিধি, কাদুনা চেম্বার এর প্রেসিডেন্টসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উদ্বোধনের পরে বাংলাদেশ স্টল পরিদর্শন করেন এবং তারা বাংলাদেশের রঙানী পণ্যের গুণ ও মানের ভূয়সী প্রশংসা করেন। রঙানী পণ্য ছাড়াও বিনিয়োগ, বাণিজ্য, পর্যটন সম্ভাবনা ইত্যাদি বিষয়ে অনেক প্রকাশনা, বাংলাদেশ এর উন্নয়ন অভিযাত্রা-র উপরে বিভিন্ন রকমের আকর্ষণীয় ব্যানার ও পোস্টার দিয়ে স্টলটিকে সুসজ্জিত করা হয়। একইসাথে, প্রামাণ্য চিত্রের মাধ্যমে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য ও উন্নয়ন কর্মকাণ্ডের বিভিন্ন দিক তুলে ধরা হয়।

উল্লেখ্য যে, বাংলাদেশ হাইকমিশন গত বছর কাজচিমা কর্তৃক আয়োজিত ৪০তম কাদুনা আন্তর্জাতিক বাণিজ্য মেলায়ও অংশগ্রহণ করে "শ্রেষ্ঠ বিদেশী অংশগ্রহণকারী"-র পুরস্কার লাভ করে। ২০ কোটি অধিবাসী অধ্যুষিত নাইজেরিয়া আফ্রিকার বৃহত্তম অর্থনীতি এবং পৃথিবীর ৬ষ্ঠ বৃহত্তম তেল উৎপাদনকারী দেশ।

'মুজিববর্ষের কূটনীতি, গণতি ও সম্প্রীতি'

'Mujib Year's Diplomacy, Friendship & Prosperity'

Plot-2609, Hassan Musa Katsina Street, Asokoro District, FCT Abuja, Nigeria, Telephone:+234-907-385-9213

E-mail : mission.abuja@mofa.gov.bd; Website : www.bhcnigeria.org.ng